

100260 - সন্তানদের জন্য বদদোয়া করার বিধান

প্রশ্ন

পিতা যদি ভুলের উপর থাকেন এবং ছেলে সঠিক হয় তাহলে সন্তানের বিরুদ্ধে পিতার বদদোয়া কবুল হবে কী?

প্রিয় উত্তর

সন্তান হকের উপর থাকলে এবং পিতা ভুলের উপর থাকলে (সন্তানের জন্য) পিতামাতার বদদোয়া কবুল হয় না। কারণ আল্লাহ তার দোয়া কবুল করবেন না। কারণ পিতামাতার প্রতি সন্তানের অবাধ্যতা হল তাদের অধিকার আদায় না করা কিংবা তাদের অধিকার আদায়ে কসুর করা। পক্ষান্তরে, নিছক পিতার কোন নির্দেশ কিংবা পিতার কোন নিষেধ যাতে কোন কল্যাণ নেই এমন কিছু মানা সন্তানের জন্য আবশ্যিক নয়। অনুরূপভাবে পিতা যদি তার ছেলেকে বলে: কোন কারণ ছাড়া তোমার স্ত্রীকে তালাক দিয়ে দাও। তাহলে সন্তানের এমন জন্য পিতামাতার এমন নির্দেশে সাড়া দেয়া অনিবার্য নয়। তাই, এমন কিছু পালনে অসম্মতি জানালে সেটা অবাধ্যতা হিসেবে গণ্য হবে না। এমনকি তারা যদি তার জন্য বদদোয়া করে সেক্ষেত্রে ছেলে গুনাহগার হবে না; এতে ইনশাআল্লাহ কোন অসুবিধা নেই। আল্লাহই সর্বজ্ঞ।

শাইখ আব্দুল্লাহ বিন হুমাইদ (রহঃ) এর ফতোয়াসমগ্র; পৃষ্ঠা-৩০